# মজলুমের ভূমিকায় ছিলেন, জালিম হবেন না: জামায়াত আমির




সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামী আমির ডা. শফিকুর রহমান শনিবার (২৪ জানুয়ারি) রাতে পাবনা সরকারি এডওয়ার্ড কলেজ মাঠে আয়োজিত নির্বাচনী জনসভায় বলেন, দেশে মুক্তিকামী মানুষের উত্থান দেখে কেউ কেউ ফুসফাস করছে, কিন্তু আমাদের অভ্যন্তরীণ বিষয়ে কেউ নাক গলাতে পারবে না।

তিনি আরও বলেন, ১১ কেন্দ্রীয় নেতাকে জেলে খুন করা হয়েছে, আমির মতিউর রহমান নিজামীও নিহত হয়েছেন। এ সব অত্যাচারের মুখে আমরা ধৈর্য ধরে মজলুমের ভূমিকায় থেকেছি। "আপনারা মজলুম ছিলেন, জালিমের ভূমিকায় আসবেন না," তিনি যোগ করেন।

ডা. শফিকুর রহমান বলেন, জামায়াত চাঁদাবাজি, মামলা বাণিজ্য বা দুর্নীতি করেনি। সংগঠনের সহকর্মীদের মধ্যে এক হাজারের বেশি নিহত এবং ৭০০কে গুম করা হয়েছে। নেতাদের বাড়ি ভাঙা হয়েছে, কিন্তু আমরা প্রতিশোধ চাইনি।

LENS ASIA

তিনি আরও সতর্ক করেন, চাঁদা আদায় করা যাবে না। সরকার গঠনের পর হালাল রোজগারের ব্যবস্থা নিশ্চিত হবে, সকলের জন্য সমান আইন থাকবে এবং আধিপত্যবাদের সুযোগ দেওয়া হবে না। গণভোটে হ্যাঁ মানে স্বাধীনতা, যেখানে সবাই সমান সম্মান পাবে।

জনসভায় জেলা জামায়াতের আমির অধ্যাপক আবু তালেব মন্ডল সভাপতিত্ব করেন, সঞ্চালনা করেন অধ্যাপক আব্দুল গাফফার খান। উপস্থিত ছিলেন সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান, পাবনা-৫ আসনের প্রার্থী মাওলানা ইকবাল হোসাইন, পাবনা-১ আসনের প্রার্থী ব্যারিস্টার নাজিবুর রহমান মোমেনসহ কেন্দ্রীয় ও স্থানীয় নেতৃবৃন্দ।